

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১

স্মারক নং-৪৪.০১.০০০০.০৫৯.০০৬.০১.১৬-০৫

তারিখঃ ১৫/০১/২০১৭

প্রেরক : দেবাশিস কুমার দাস
সহকারী প্রধান
প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : ২০১৬-২০১৭ অর্থ বছরে এডিপিতে বারাদকৃত ৮০০.০০ লক্ষ টাকা হতে ৩য় কিস্তি বাবদ “পুলিশের বিভাগের ১৯ ইউনিটে ১৯টি অস্ত্রাগার নির্মাণ” শীর্ষক প্রকল্প কোড নং-৫০০৫ এর জন্য অর্থ অবমুক্তি প্রসঙ্গে।


মহোদয়,

অত্র মন্ত্রণালয় কর্তৃক ০১/০৮/২০১৬ তারিখের ৩২৬ নং সরকারী আদেশে অনুমোদিত বরাদ্দের বিভাজন অনুযায়ী আমি এ মর্মে আদিষ্ট হয়ে “পুলিশ বিভাগের ১৯ ইউনিটে ১৯টি অস্ত্রাগার নির্মাণ” শীর্ষক প্রকল্পের জিওবি খাতে বরাদ্দকৃত ৮০০.০০ লক্ষ টাকা হতে নিম্নরূপভাবে অর্থ বরাদ্দের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

(অংকসমূহ লক্ষ টাকায়)

| বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং | প্রকল্পের নাম ও কোড নং | অনুমোদিত/ পিসিপি অনুমোদিত/ অননুমোদিত | কিস্তির নাম | রাজস্ব খাতের অর্থ | মূলধন খাতের অর্থ | মোট অবমুক্ত অর্থ |
|-------------------------------------|---|--------------------------------------|-------------|-------------------|------------------|------------------------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| পুলিশ অধিদপ্তর কোড নং ২২১১ | “পুলিশ বিভাগের ১৯ ইউনিটে ১৯টি অস্ত্রাগার নির্মাণ” শীর্ষক প্রকল্প কোড নং-৫০০৫ | অনুমোদিত | ৩য় কিস্তি | ৫.০০ | ১৯৫.০০ | ২০০.০০ (দুইশত লক্ষ) |

- এ ব্যয় ২০১৬-২০১৭ খৃঃ অর্থ বৎসরের উন্নয়ন বাজেটের গ্রান্ট নং-১৮ হিসাবের খাত ৫-২২-২২১১-৫০০৫ হতে বহন করা হবে।
- উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (তবে শুষ্ক মূল্য সংযোজন কর এবং পুনর্ভরনযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দকৃত টাকা এ অংকের বহির্ভূত);
- এ আদেশ অর্থ বিভাগের ১০/০৫/২০১৫ তারিখের ০৭.১০৬.০২০.২২১১.০০৫-২০১২-১৯০নং আদেশ মোতাবেক জারী করা হল;
- কোন অবস্থাতেই প্রকল্পের অনুমোদিত ব্যয় ও অনুমোদিত অংকের বাইরে ছাড়কৃত অর্থ ব্যয় করা যাবে না;
- এ অর্থ ব্যয়ের যাবতীয় আর্থিক বিধি বিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- পরবর্তীতে প্রকৃত ব্যয়ের হিসাব বিবরণী প্রেরণ করতে হবে;
- অব্যয়িত অর্থ ৩০ জুন/২০১৭ তারিখের মধ্যে অবশ্যই সমর্পন করতে হবে;



(দেবাশিস কুমার দাস)
সহকারী প্রধান
ফোনঃ-৯৫৭৪৫২৫

স্মারক নং-৪৪.০১.০০০০.০৫৯.০০৬.০১.১৬-০৫

তারিখঃ ১৫/০১/২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ-উপ-সচিব, বাজেট অধিশাখা-৬)
- ২। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (দৃঃআঃ-এআইজি, ইএন্ডডি-উন্নয়ন)।
- ৩। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। প্রকল্প পরিচালক, “পুলিশ বিভাগের ১৯ ইউনিটে ১৯টি অস্ত্রাগার নির্মাণ” শীর্ষক প্রকল্প, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ৫। আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।


(দেবাশিস কুমার দাস)
সহকারী প্রধান